

আত-তুর | At-Tur | الطُّور

আয়াতঃ ৫২ : ৯

আরবি মূল আয়াত:

يَوْمَ تَمُورُ السَّمَاءُ مَوْرًا ﴿٩﴾

অনুবাদসমূহ:

যেদিন তীব্রভাবে আকাশ প্রকম্পিত হবে, — আল-বায়ান

যেদিন আকাশ প্রচন্ডভাবে কাঁপবে, — তাইসিরুল

যেদিন আকাশ আন্দোলিত হবে প্রবলভাবে – — মুজিবুর রহমান

On the Day the heaven will sway with circular motion — Sahih International

৯. যেদিন আসমান আন্দোলিত হবে প্রবলভাবে(১),

(১) আরবী ভাষায় مور শব্দটি আবর্তিত হওয়া, কেঁপে কেঁপে ওঠা, ঘুরপাক খাওয়া, নড়েচড়ে উঠা এবং বারবার সামনে ও পেছনে চলা বুঝাতে ব্যবহৃত হয়। কিয়ামতের দিন আসমানের যে অবস্থা হবে একথাটির মাধ্যমে তা বর্ণনা করে ধারণা দেয়ার চেষ্টা করা হয়েছে যে, সেদিন উর্ধ্বজগতের সমস্ত ব্যবস্থাপনা ধ্বংস হয়ে যাবে এবং কেউ যদি সেদিন আকাশের দিকে তাকায় তবে দেখবে যে, সেই সুশোভিত নকশা বিকৃত হয়ে গিয়েছে যা সবসময় একই রকম দেখা যেতো আর চারদিকে একটা অস্থিরতা বিরাজ করছে। [দেখুন: ফাতহুল কাদীর; ইবন কাসীর]

তাকসীরে জাকারিয়া

(৯) যেদিন আকাশ আন্দোলিত হবে প্রবলভাবে। [1]

[1] مور এর অর্থ হল আন্দোলন ও অস্থিরতা। অর্থাৎ, কিয়ামতের দিন আকাশের সুশৃঙ্খল ব্যবস্থাপনার মধ্যে যে বিশৃঙ্খলতা এবং মহাশূন্যে ভ্রাম্যমান তারকারগুলোর ঝরে ও খসে পড়ার কারণে যে অস্থিরতার সৃষ্টি হবে, সেটাকেই বুঝানো হয়েছে এই শব্দগুলোর মাধ্যমে। আর (যেদিন) হল উল্লিখিত আয়াবের ‘যারুফ’ বা ঘটনাকাল (ক্রিয়াবিশেষণ)। অর্থাৎ, এই শাস্তি সংঘটিত হবে সেই দিন, যেদিন আকাশ আন্দোলিত হবে এবং পর্বতমালা স্থায়ী স্থান ছেড়ে ধূনিত তুলার ক্ষুদ্র ক্ষুদ্র অংশের ন্যায় এবং ধূলিকণার ন্যায় উড়তে থাকবে।

তাকসীরে আহসানুল বায়ান

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন